তারিখ ..২৬ APR 2016.....
পৃষ্ঠা ...৬... কলাম...৭.........

দৈনিক
আমাদের সময়

# জাতীয় হাইস্কুল প্রোগ্রামিংয়ে সেরা রুহান ও আসিফ

প্রযুক্তি সময় প্রতিবেদক •

জানুক সবাই দেখাও তুমি– স্লোগানে এক মাস ধরে তথ্য ও যোগাযোগপ্রযুক্তি (আইসিটি) বিভাগের উদ্যোগে দ্বিতীয়বারের মতো অনুষ্ঠিত 'জাতীয় হাইস্কুল প্রোগ্রামিং প্রতিযোগিতা ২০১৬' শেষ হলো। আঞ্চলিক প্রতিযোগিতার বিজয়ীদের নিয়ে গতকাল ২৪ এপ্রিল রাজধানীর খামারবাড়ির কৃষিবিদ ইনস্টিটিউশন মিলনায়তনে হলো চূড়ান্ত পর্ব। জাতীয় হাইস্কুল প্রোগ্রামিং প্রতিযোগিতার প্রোগ্রামিং বিষয়ে জুনিয়র বিভাগে চ্যাম্পিয়ন হয়েছে রিজেন্ট এডুকেয়ারের রুহান হাবিব ও সিনিয়র বিভাগে চ্যাম্পিয়ন হয়েছে চট্টগ্রাম কলেজিয়েট স্কুলের আসিফ জাওয়াদ।

কুইজ প্রতিযোগিতায় জুনিয়র বিভাগে চ্যাম্পিয়ন হয়েছে রাজশাহী কলেজিয়েট স্কুলের মো. ফাহিম আবরার; সেকেন্ডারিতে পাবনা জিলা স্কুলের শাহরিয়ার রিজভি ও হায়ার সেকেন্ডারিতে চ্যাম্পিয়ন ঢাকার সরকারি বিজ্ঞান কলেজের সেজান আহমেদ। বিজয়ী হওয়ার পর আসিফ জাওয়াদ বলেন, 'প্রশ্নগুলো ছিল খুব কঠিন। তবে এসবের সমাধান করতে খুব মজা লেগেছে। আমরা এই প্রোগ্রামিং প্রতিযোগিতায় অংশগ্রহণ করে খুব উপভোগ করেছি। ভবিষ্যতে এমন অনুষ্ঠান আরও চাই।' এই আয়োজনে ১৬টি আঞ্চলিক প্রোগ্রামিং প্রতিযোগিতায় ১৮ হাজারের বেশি শিক্ষার্থী অংশ নেয়।?আঞ্চলিক প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়েছে রংপুর, রাজশাহী, খুলনা, সিলেট, চট্টগ্রাম, বরিশাল, ঢাকা, গোপালগঞ্জ, দিনাজপুর, পাবনা, পটুয়াখালী, টাঙ্গাইল, নোয়াখালী, কুমিল্লা, যশোর ও ময়মনসিংহে। সকাল থেকে শুরু হয় প্রতিযোগিতার চূড়ান্ত পর্ব। উদ্বোধনী অনুষ্ঠানের পরপর শুরু হয় ৩০ মিনিটের কুইজ প্রতিযোগিতা ও ৩ ঘণ্টাব্যাপী প্রোগ্রামিং প্রতিযোগিতা। এতে প্রোগ্রামিং প্রতিযোগিতায় সিনিয়র ও জুনিয়র ক্যাটাগরিতে মোট ৪০ জন এবং কুইজ প্রতিযোগিতায় জুনিয়র, সেকেন্ডারি ও হায়ার সেকেন্ডারিতে মোট ৬০ জনকে বিজয়ী ঘোষণা করা হয়। বিকালে সমাপনী অনুষ্ঠানে বিজয়ীদের হাতে পুরস্কার তুলে দেওয়া হয়। অনুষ্ঠানে আইসিটি প্রতিমন্ত্রী জুনাইদ আহমেদ বলেন, 'তরুণ প্রজন্মই আগামী দিনে দেশকে এগিয়ে নেবে। প্রোগ্রামিং শুধু কম্পিউটার প্রকৌশলীদের জানলে চলবে না, সব পেশাজীবীকে এগিয়ে যেতে প্রোগ্রামিংয়ের বিকল্প নেই।'



অনুষ্ঠানে উপস্থিত ছিলেন শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক মুহাম্মদ জাফর ইকবাল, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের (বুয়েট) অধ্যাপক মোহাম্মদ কায়কোবাদ, আইসিটিসচিব শ্যাম সুন্দর সিকদার, রবি আজিয়াটা লিমিটেডের কমিউনিকেশনস অ্যান্ড করপোরেট রেসপনসিবিলিটি বিভাগের ভাইস প্রেসিডেন্ট ইকরাম কবির। জাতীয় হাইস্কুল প্রোগ্রামিং প্রতিযোগিতা ২০১৬-এর প্রধান পৃষ্ঠপোষক ছিল রবি আজিয়াটা লিমিটেড। সহযোগিতা করেছে বাস্তবায়ন সহযোগিতায় বাংলাদেশ ওপেন সোর্স নেটওয়ার্ক (বিডিওএসএন), কোডমার্শাল, কিশোর আলো, এটিএন নিউজ ও বাংলাদেশ আইসিটি জার্নালিস্ট ফোরাম।